

কঠোর আন্দোলনের ঝুঁশিয়ারি ছাত্রলীগের

ঢাবি প্রতিবেদক

১০ সেপ্টেম্বর ২০২৩ ০৫:০৪ পিএম | আপডেট: ১০ সেপ্টেম্বর
২০২৩ ০৭:৩৬ পিএম

29
Shares



পুলিশের মারধরে আহত ছাত্রলীগ নেতা আনোয়ার হোসেন নাইম। সংগৃহীত ছবি

advertisement..

কেন্দ্রীয় ও ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ছাত্রলীগের দুই নেতাকে থানায় তুলে নিয়ে বেধড়ক মারধরের ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল শাখা ছাত্রলীগ। সেই সঙ্গে ঘটনায় জড়িতদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়া না হলে রাজপথে নেমে সুষ্ঠু বিচার নিশ্চিত করতে কঠোর আন্দোলন গড়ে তোলার ঝুঁশিয়ারি দিয়েছে সংগঠনটি।

আজ রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল শাখা ছাত্রলীগের সভাপতি মো. মেহেদী হাসান শান্ত ও সাধারণ সম্পাদক মাহবুবুর রহমান স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ দাবি জানানো হয়।

advertisement

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক হল শাখা ছাত্রলীগের সভাপতি, বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় নির্বাহী সংসদের সাংগঠনিক সম্পাদক আনোয়ার হোসেন নাঈম এবং ড. মুহম্মদ শহীদুল্লাহ হল শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক, বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় নির্বাহী সংসদের বিজ্ঞান বিষয়ক সম্পাদক শরীফ আহমেদ মুনিমকে গতকাল শনিবার রাতে পুলিশের রমনা বিভাগের এডিসি হারুন অর রশিদের নেতৃত্বে শাহবাগ থানায় তুলে নিয়ে অমানবিক, নিষ্ঠুরভাবে নির্যাতন করা হয়েছে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল শাখা ছাত্রলীগ পুলিশের এই পৈশাচিক কর্মকাণ্ডের প্রতি তীব্র নিন্দা জানাই।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, বাংলাদেশ পুলিশের মত মহান পেশাকে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল শাখা ছাত্রলীগ সর্বদা সম্মান করে, তবে যারা এই মহান পেশাকে কলুষিত করতে চায় তারা দেশের শত্রু। একইসঙ্গে দ্রুত সময়ের মধ্যে এই ঘটনার সঙ্গে জড়িত সকলের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া না হলে, রাজপথে নেমে এই ঘটনার সুষ্ঠু বিচার নিশ্চিত করতে কঠোর আন্দোলন গড়ে তোলা হবে।

এর আগে, গতকাল শনিবার রাতে রাতে রাজধানীর শাহবাগ থানায় তুলে নিয়ে গিয়ে কেন্দ্রীয় ছাত্রলীগের দুই নেতাকে বেধড়ক মারধর করেন পুলিশের রমনা বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (এডিসি) হারুন অর রশিদ। পরবর্তীকালে আহত দুইজনকে হাসপাতালে ভর্তি করা হয়।